বিনিয়োগ কৌশলের আদর্শ পত্রিকা

# সিন্ধুক দর্শন

০৬। জুন সংখ্যা।২০২১।₹ ৫:০০
www.sindhuk.com

## বিটকয়েন কি?
## কেন এটি এত জনপ্রিয় হচ্ছে?

# ক্রিপ্টোকারেন্সি কিনে কোটিপতি হওয়ার সিক্রেট!



bitcoin

# ক্রিপ্টোকারেন্সি কিনে কোটিপতি হওয়ার সিক্রেট!

ক্রিপ্টোকারেন্সিএকধরণের ডিজিটাল সম্পদ যা বিনিময়মাধ্যম হিসেবে কাজ করারজন্য ডিজাইন করা হয়েছে। অতিরিক্তইউনিট তৈরি নিয়ন্ত্রণ এবংসম্পত্তির স্থানান্তর যাচাই করতে এটিক্রিপ্টোগ্রাফি ব্যবহার করে এবং লেনদেনসুরক্ষিত করে। ক্রিপ্টোকারেন্সিডিজিটাল মুদ্রা, বিকল্প মুদ্রা অথবাভার্চুয়াল মুদ্রা হিসেবেও পরিচিত। ক্রিপ্টোকারেন্সিসিস্টেম বিকেন্দ্রীভূত নিয়ন্ত্রণে চলে যা কেন্দ্রীয়ব্যাংকিং সিস্টেম এবং কেন্দ্রীভূত ইলেকট্রনিকঅর্থ ব্যবস্থার বিরোধিতা করে। প্রতিটিক্রিপ্টোকারেন্সির বিকেন্দ্রীভূত নিয়ন্ত্রণ ব্লকচেইনের (Blockchain) মাধ্যমে কাজ করে।এটি একটি প্রকাশ্য লেনদেনডাটাবেস যা বিতরণ খাতহিসেবে কাজ করে। বর্তমানে সবচেয়ে বহুল ব্যবহৃতএবং জনপ্রিয় ক্রিপ্টোকারেন্সি হল বিটকয়েন।এছাড়াও মার্কেটে ইথেরিয়াম, লাইটকয়েন, ড্যাশ ইত্যাদি ক্রিপ্টোকারেন্সিরয়েছে যা জনপ্রিয় ।

বিটকয়েন কি?

বিটকয়েন হচ্ছে বর্তমান ক্রিপ্টোকারেন্সি দুনিয়ার সবচেয়ে বেশি জনপ্রিয় এবং ব্যবহৃত ডিজিটাল মুদ্রা যা বিশ্বব্যাপী লেনদেনের মাধ্যম হিসেবে পরিচিত। বিকেন্দ্রীভূত ডিজিটাল মুদ্রার মধ্যে বিটকয়েন সর্বপ্রথম কারণ এটি প্রথম যা কোন কেন্দ্রীয় ব্যাংক বা একক প্রশাসক ছাড়া কাজ করে। বিটকয়েন নেটওয়ার্ক একটি সার্বভৌমিক প্রক্রিয়া যা কোনো মধ্যবর্তী মাধ্যম ছাড়া ব্যবহারকারীদের মধ্যে সরাসরি সঞ্চালিত হয়।

বিটকয়েনএকজন অজানা ব্যক্তি বাবাক্তি গোষ্ঠী দ্বারা আবিষ্কৃতহয়। আবিষ্কারকেরনাম দেওয়া হয় সাটোশিনাকামোটো। এটিখোলা বাজারে ২০০৯ সালেছাড়া হয়। মাইনিংপ্রসেসের মাধ্যমে বিটকয়েন তৈরি করা হয়। এটিবর্তমানে মুদ্রা, পণ্য এবং সেবারবিনিময়ের জন্য ব্যবহার করাহয়। ২০১৫সালের পরিসংখ্যান মতে প্রায় ১লাখের বেশি ব্যবসায়ী এবংবিক্রেতা বিটকয়েনকে পেমেন্টের মাধ্যম হিসেবে গ্রহণকরেছে। বিটকয়েননিয়ে ২০১৭ সালে ক্যামব্রিজবিশ্ববিদ্যালয় গবেষণা করা জানতেপারে প্রায় ২,৯মিলিয়ন থেকে ৫.৮মিলিয়ন মানুষ ক্রিপ্টোকারেন্সি ওয়ালেটব্যবহার করেছে, যার মধ্যেঅধিকাংশ ব্যাবহারকারী বিটকয়েন ব্যবহার করেছে।

কেন বিটকয়েন এত জনপ্রিয় হচ্ছে?

২০০৯ সালে যখন এটিআবিষ্কার হয়েছিল তখন এরজনপ্রিয়তা এতোটা হবে কল্পনাকরা হয়নি। একটিমজার তথ্যমতে আপনি যদি ২০০৯সালে বিটকয়েনে শুধু ১০০ ডলারবিনিয়োগ করতেন, তাহলে বর্তমানেসেই বিনিয়গের মূল্য হত প্রায়৩-৪ মিলিয়ন ডলার। এথেকেইবুঝা যায় বর্তমানে ক্রিপ্টোকারেন্সিজগতে বিটকয়েনের মূল্য এবং জনপ্রিয়তাঅসীম। বর্তমানবাজার মূল্যে ১ বিটকয়েনেরমূল্য ৭ লাখ ৬হাজার ৫ শত টাকাপ্রায়। আজকেআমরা আলোচনা করবো কিকারণে বিটকয়েন এতো জনপ্রিয়।

# বিকেন্দ্রীভূতঃবিটকয়েন নেটওয়ার্কটি কোনো কেন্দ্রীয় কর্তৃপক্ষদ্বারা নিয়ন্ত্রিত হয় না।প্রতিটি মেশিন যা বিটকয়েনমাইনিং করে এবং লেনদেনপ্রক্রিয়া সচল রাখে তানেটওয়ার্কের একটি অংশ হিসেবেধরা হয় এবং সবমাইনিং মেশিন একসাথে কাজকরে। সুতরাংতাত্ত্বিকভাবে, কোনো কেন্দ্রীয় কর্তৃপক্ষএই মুদ্রানীতিতে জালিয়াতি করতে পারবে নাএবং এর ফলে কোনোদুর্ঘটনাও ঘটার সম্ভাবনা কম। এইসুরক্ষা ব্যবস্থার কারণে মানুষ এতোবেশি পরিমাণে বিটকয়েন ব্যবহার করে।

# সহজসেট আপঃ সাধারণ ব্যাংকএকাউন্টের তুলনায় বিটকয়েন একাউন্টসেট আপ করা অনেকসহজ। যারনূন্যতম কম্পিউটার এবং অনলাইনে কাজকরার অভিজ্ঞতা আছে তিনি খুবসহজেই বিটকয়েন একাউন্ট খুলতে পারবেন।এই একাউন্ট খোলার জন্য কোনোপ্রকার ফি দেওয়া লাগেনা।

# গোপনীয়তাঃএকজন ব্যবহারকারী একাধিক বিটকয়েন অ্যাড্রেসধারণ করতে পারেন যেখানেতাদের কোনো নির্দিষ্ট নাম, ঠিকানা কিংবা অন্য ব্যক্তিরসাথে সম্পৃক্ত হতে হয় না। সাধারণতপ্রতিযোগিতামূলক বাজারে এই ধরণেরগোপনীয়তা ডিজিটাল মুদ্রার সিস্টেমে দেখা যায় না। বিটকয়েনপ্রথম এতো গোপনীয়তা প্রদানকারীমুদ্রা ব্যবস্থা। এজন্যইসাধারণ জনগণ এবং ব্যবসায়ীএটি ব্যবহার করতে পছন্দ করে।

# স্বচ্ছতাঃবিটকয়েন নেটওয়ার্কে সংঘঠিত সকল ধরণেরলেনদেনের বিস্তারিত বিবরণ একটি বিশালসাধারণ খতিয়ানের মাধ্যমে সংরক্ষিত রাখে, যার নামব্লকচেইন। এরমাধ্যমে ব্যবহারকারীকে তার লেনদেনের যাবতীয়তথ্য আলাদাভাবে সংরক্ষণ করতে হয় না। বিটকয়েনসিস্টেমে চাইলেই একজন ব্যবহারকারীতার লেনদেনের গতিবিধি দেখতে পারেন, সুতরাংএখানে কোনো ধরণের জালিয়াতিরসম্ভাবনা নেই।

# কম খরচে লেনদেনঃ আন্তর্জাতিকমুদ্রা বিনিময়ের জন্য একধরণের ট্র্যান্সফারফি প্রদান করতে হয়এবং অধিকাংশ ক্ষেত্রে এর জন্য চড়াফি দিতে হয়।কিন্তু বিটকয়েন এর ক্ষেত্রে অনেককম খরচে লেনদেন করাযায়। যাএটিকে জনপ্রিয় করার অন্যতম প্রধানকারণ।

# দ্রুততাঃবিটকয়েন সিস্টেম অনেক দ্রুত কাজকরে। আপনিঅর্থ স্থানান্তর করার কয়েক মিনিটেরমধ্যে তা পৌছে যাবেঅন্য সার্ভারে। বিটকয়েননেটওয়ার্ক পেইমেন্ট প্রসেস খুব দ্রুতটারসাথে সম্পন্ন করে। এজন্যব্যবসায়ীরা তাদের প্রাতিষ্ঠানিক লেনদেনেরজন্য বিটকয়েন ব্যবহার করতে বেশি আগ্রহী।

# ব্যাপকপ্রসারতাঃ প্রতিনিয়ত বিটকয়েনের প্রসারতা বৃদ্ধি পাচ্ছে এবংএর ফলে অনেক বেশিসংখ্যক মানুষ এর বেপারেজানতে পারছে। বর্তমানেআমেরিকা, অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য সরকার এমনকি জাতিসংঘসরকারি কাজে বিটকয়েনের ব্যবহারবাস্তবায়নের চিন্তা করছে।সরকার ছাড়াও বিভিন্ন নামিদামিপ্রতিষ্ঠানও বর্তমানে এর ব্যবহার করারচিন্তা করছে। এইজন্যঅধিক আকারে বিটকয়েনের ব্যবহারদিনদিন বৃদ্ধি পাচ্ছে।

# ঝুঁকিরপ্রতিবন্ধকঃ মুদ্রার মান ক্রমাগত অবনমনেরজন্য অর্থনীতিতে অস্থিতিকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে।যার দরুন সাধারণ জনগণনানাবিদ সমস্যার সম্মুখীন হচ্ছে। এজন্যমুদ্রার অবমূল্যায়ন রোধের জন্য অনেকেইবিটকয়েনকে একটি প্রতিকাররুপে দেখছেন। অধিকাংশবিশেষজ্ঞদের মতে সাধারণ মুদ্রারউপর চাপ কমাতে আমাদেরডিজিটাল মুদ্রার ব্যবহার বাড়ানো উচিত।এর কারণে ডিজিটাল মুদ্রারব্যবহার দিনদিন বৃদ্ধি পাচ্ছে। আরবিটকয়েন যেহেতু প্রথম ডিজিটালমুদ্রা তাই এর ব্যবহারমানুষ বেশি করছে।

উপরুক্তকারণগুলোর জন্য বর্তমান সময়েবিটকয়েনের ব্যবহার ও জনপ্রিয়তা অনেকবেশি এবং তা প্রতিনিয়তবাড়ছে। সম্প্রতিফরেক্স ট্রেডিং এও বিটকয়েন যুক্তকরা হয়েছে এবং ফরেক্সট্রেডাররা এতে ট্রেড করছেন।



লেখকঃ বিশ্বজিৎ মালাকার , সিন্ধুকের পক্ষে ।




OR SEARCH 'SINDHUKTRADE' ON TELEGRAM

CALL US NOW

+91 9832773806 / 9986112003

LOGIN NOW

WWW.SINDHUK.COM